রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুন ২৩, ১৯৯০

৫ম খন্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি।

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৩শে জুন, ১৯৯০/৮ই আষাঢ়, ১৩৯৭

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ২৩শে জুন, ১৯৯০ (৮ই আষাঢ়, ১৩৯৭) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্দ্বারা এই আইনগুলি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা হইলঃ—

১৯৯০ সনের ৩৫ নং আইন

**Building Construction Act, 1952 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Building Construction Act, 1952 (E. B. Act, II of 1953) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা।— এই আইন The Building Construction (Amendment) Act, 1990 নামে অভিহিত হইবে।

২। **E. B. Act II of 1953 এর section 3 এর সংশোধন।**— Building Construction Act, 1952 (E. B. Act II of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ "or cut or raze any hill" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৩। **E. B. Act II of 1953 এর section 3B এর পরে নূতন section গুলির সন্নিবেশ।**— উক্ত Act এর section 3B এর পরে নিম্নরূপ নূতন section গুলি সন্নিবেশিত হইবে, যথাঃ—

"3C. **Restriction on cutting etc., of hills.**—(1) Notwithstanding anything contained in any other law for the time being in force, no person



মূল্যঃ ৯০ পয়সা

shall, without the previous sanction of an Authorised Officer, cut or raze any hill within the area to which this Act applies; and such sanction shall be subject to such terms and conditions as the Authorised Officer may think fit to impose:

Provided that no such sanction shall be granted without the previous approval of the Government or such other authority as the Government may, by notification in the official Gazette, specify in this behalf:

Provided further that no such sanction shall be granted unless the Authorised Officer and the Government or the authority specified in the notification mentioned in the first proviso is satisfied that—

(a) the cutting or razing of the hill shall not cause any serious damage to any hill, building, structure or land adjacent to or in the vicinity of the hill, or

(b) the cutting or razing of the hill shall not cause any silting of or obstruction to any drain, stream or river, or

(c) the cutting or razing of the hill is necessary in order to prevent the loss of life or property, or

(d) the cutting of the hill is such as is normally necessary for construction of dwelling house without causing any major damage to the hill, or

(e) the cutting or razing of the hill is necessary in the public interest.

(2) A sanction granted under sub-section (1) shall remain valid for a period of one year from the date of sanction.

(3) Notwithstanding anything contained in any other law for the time being in force, all sanctions obtained for cutting or razing of the hills prior to the commencement of the Building Construction (Amendment) Ordinance, 1990 (অধ্যাদেশ নং ৯, ১৯৯০) shall be deemed to have expired and no such cutting or razing shall be done without obtaining fresh sanction.

(4) The Government may, by notification in the official Gazette, direct that the power of an Authorised Officer under sub-section (1) shall be exercised by a Committee in such area as may be specified in the notification.

(5) When a notification under sub-section (4) has been issued, the Authorised Officer shall not exercise the power conferred on him by sub-section (1) in the area to which the said notification relates.

3D. **Direction for stopping cutting or razing of hill.**—(1) Where it appears to the Authorised Officer or the Committee, as the case may be, that any hill is being cut or razed without obtaining the sanction under section 3C, or in breach of any of the terms or conditions subject to which sanction was granted under that section, he or it may, by a notice, direct the owner or the occupier of the hill to show cause, within such period, not being less than three days, as may be mentioned in the notice, why the cutting or razing of the hill should not be stopped.

(2) Where a person is asked by a notice under sub-section (1) to show cause why the cutting or razing of the hill should not be stopped, he shall stop such cutting or razing from the date the notice is served on him till an order is made under sub-section (3).

(3) Where, after considering the cause shown, if any, within the time mentioned in the notice and giving the person showing the cause a reasonable opportunity of being heard, or where no cause is shown within such time, the Authorised Officer or the Committee, as the case may be, after such enquiry as he or it deems fit, is satisfied that the hill has been or is being cut or razed without obtaining the sanction under section 3C or in breach of any of the terms and conditions subject to which sanction was granted under that section, he or it may, by order in writing stating reasons therefore, direct the owner and the occupier of the hill to stop the cutting or razing of the hill; and otherwise shall make an order vacating the notice.

(4) A notice or an order under this section shall be served in the prescribed manner."।

৪। **E. B. Act II of 1953 এর section 8 এর সংশোধন।**— উক্ত Act এর section 8 এর "section 3" শব্দ ও সংখ্যার পরিবর্তে "section 3 or section 3C" শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। **E. B. Act II of 1953 এর section 9 এর সংশোধন।**— উক্ত Act এর section 9 এর "section 3" শব্দ ও সংখ্যার পরিবর্তে "section 3 or section 3C" শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **E. B. Act II of 1953 এর section 10 এর সংশোধন।**— উক্ত Act এর section 10 এর—

(ক) sub-section (2) তে "section 3" শব্দ ও সংখ্যার পরিবর্তে "section 3 or section 3C" শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) **sub-section (2) এর পরে নিম্নরূপ sub-section গুলি সংযোজিত হইবে, যথা:—**

"(3) The owner of any hill shall, on being required by an Authorised Officer or the Committee or any person empowered by him or it in this behalf, or any Police Officer not below the rank of Assistant Sub-Inspector, produce before him or it the sanction obtained for cutting or razing the hill under section 3C.

(4) For carrying out the purposes of this Act, an Authorised Officer or the Committee or any person empowered by him or it in this behalf or any Police Officer not below the rank of Assistant Sub-Inspector may, after giving reasonable notice to the occupier of the hill, enter upon such hill at any time."।

৭। **E. B. Act II of 1953 এর section 10 এর পর নূতন section এর সন্নিবেশ।**—উক্ত Act এর section 10 এর পরে নিম্নরূপ নূতন section সন্নিবেশিত হইবে, যথাঃ—

"10A. **Power of seizure and arrest without warrant.**—(1) The Authorised Officer or any member of the Committee or any officer authorised by him or Committee or any Police Officer not below the rank of Assistant Sub-Inspector who has reason to believe, from personal knowledge or from information given by any person and taken down in writing, that any hill is being cut or razed without obtaining the sanction under section 3C or in breach of any of the terms and conditions subject to which sanction was granted under that section or in contravention of an order made under section 3D may at any time during the day or night—

(a) enter into such hill;

(b) seize any vehicle, instrument, material and animal used in the cutting or razing of the hill or loading or carrying the earth of such hill;

(c) if he is a Police Officer, arrest any person who he has reason to believe to have committed an offence punishable under sub-section (1A) of section 12.

(2) Whenever a Police Officer makes any arrest or any person makes any seizure under sub-section (1), he shall, within twenty-four hours after such arrest or seizure, make a full report of all the particulars of such arrest or seizure to his immediate superior.

(3) Every person arrested and any vehicle, instrument, material or animal seized under this section shall be forwarded without delay to the Officer-in-Charge of the nearest police station, and the officer to whom such person or vehicle, instrument, material or animal is forwarded shall,

with all convenient despatch, take such measures as may be necessary for the disposal according to law of such person or, as the case may be, vehicle, instrument, material or animal;

(4) The provisions of the Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) shall apply, in so far as they are not inconsistent with the provisions of this section, to all arrests and seizure made under this section."।

৮। **E. B. Act II of 1953 এর section 12 এর সংশোধন।**— উক্ত Act এর section 12 এর sub-section (1) এর পরে নিম্নরূপ sub-section সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(1A) Whoever commits an offence by—

(a) contravening the provision of section 3C, or

(b) failing to comply with any direction given to him by an Authorised Officer or Committee or Police Officer under section 3D,

shall, on conviction before a court of competent jurisdiction, be punishable with imprisonment for a term which may extend to seven years, or with fine, or with both; and the court convicting the accused shall, if an application in writing is made by the prosecution in this behalf, forfeit any vehicle, instrument, material or animal used for the purpose of or in connection with the commission of the offence or for carrying the earth."।

৯। **E. B. Act II of 1953 এর section 13 এর প্রতিস্থাপন।**— উক্ত Act এর section 13 এর পরিবর্তে নিম্নরূপ section প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"13. **Cognizance of Offence.**—(1) An offence punishable under sub-section (1A) of section 12 shall be cognizable and non-bailable.

(2) Subject to sub-section (1), no court shall take cognizance of any offence punishable under this Act except upon a complaint by the Authorised Officer or the Committee or by a person authorised by the Authorised Officer or the Committee, as the case may be."।

১০। **E. B. Act II of 1953 এর section 14 এর সংশোধন।**— উক্ত Act এর section 14 এ "or 3B" শব্দ ও সংখ্যার পরিবর্তে "or section 3B or section 3C or section 3D" শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

১১। **E. B. Act II of 1953 এর section 15 এর সংশোধন।**— উক্ত Act এর section 15 এ "section 3B" শব্দ ও সংখ্যার পরিবর্তে "section 3B or section 3C or section 3D" শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

১২। **E. B. Act II of 1953 এর section 18 এর সংশোধন।**— উক্ত Act এর section 18 এর sub-section (2) তে—

(ক) clause (f) এ, "4" সংখ্যাটির পরিবর্তে "3B, 3D, 4" সংখ্যাগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) clause (g) তে "section 3" শব্দ ও সংখ্যার পরিবর্তে "section 3 and 3C" শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

১৩। **রহিতকরণ ও হেফাজত।**— (১) The Building Construction (Amendment) Ordinance, 1990 (অধ্যাদেশ নং ৯, ১৯৯০) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত Ordinance দ্বারা সংশোধিত উক্ত Act এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই Act দ্বারা সংশোধিত উক্ত Act এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

## ১৯৯০ সনের ৩৬ নং আইন

### ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠাকল্পেপ্রণীত আইন

যেহেতু বৃহত্তর ঢাকা এলাকায় বিদ্যুৎ বিতরণের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা ও প্রয়োগ।**— (১) এই আইন ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ আইন, ১৯৯০ নামে অভিহিত হইবে।

(২) ইহা বৃহত্তর ঢাকা এলাকায় প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় এবং প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(ক) "কর্তৃপক্ষ" অর্থ ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ;

(খ) "চেয়ারম্যান" অর্থ কর্তৃপক্ষের চেয়ারম্যান;

(গ) "বৃহত্তর ঢাকা এলাকা" অর্থ ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর এবং নরসিংদী জেলাসমূহের অন্তর্গত সকল পৌর এলাকা এবং শিল্প এলাকা এবং সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্ত এলাকার অন্তর্ভুক্ত বলিয়া ঘোষিত তৎসন্নিহিত কোন এলাকা;

(ঘ) "বোর্ড" অর্থ Bangladesh Water and Power Development Boards Order, 1972 (P.O. No. 59 of 1972) দ্বারা গঠিত বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড;

(ঙ) "শিল্প এলাকা" অর্থ সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে নির্ধারিত কোন শিল্প এলাকা ;

(চ) "সদস্য" অর্থ কর্তৃপক্ষের সদস্য।

৩। **কর্তৃপক্ষ প্রতিষ্ঠা।**—(১) এই আইন বলবৎ হইবার পর যত শীঘ্র সম্ভব সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বৃহত্তর ঢাকা এলাকার জন্য ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করিবে।

(২) কর্তৃপক্ষ একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার এবং হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং ইহার নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

৪। **কর্তৃপক্ষের কার্যাবলী।**—কর্তৃপক্ষের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) বৃহত্তর ঢাকা এলাকায় বিদ্যুৎ বিক্রয় ও বিতরণ, এবং বিদ্যুৎ বিতরণ পদ্ধতির রক্ষণাবেক্ষণ ও সম্প্রসারণ;

(খ) গ্রাহকদের নিকট বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সংগে সম্পর্কিত উন্নয়নমূলক কর্ম সম্পাদন এবং এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় প্রকৌশলগত প্রকল্প ও পরিকল্পনা প্রণয়ন এবং সরকারের অনুমোদনক্রমে উহার বাস্তবায়ন;

(গ) সরকারের পূর্বানুমোদনক্রমে, বৃহত্তর ঢাকা এলাকায় ১৩২ কেভি বিদ্যুৎ লাইন বা উপকেন্দ্র হইতে শুরু করিয়া নিম্নতর কেভি লাইন বা উপকেন্দ্র পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার পরিকল্পনা, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ;

(ঘ) উপরি-উল্লিখিত কার্যাদির সম্পূরক ও প্রাসংগিক অন্যান্য কার্য সম্পাদন।

৫। **কর্তৃপক্ষের গঠন।**—(১) একজন চেয়ারম্যান এবং অনধিক তিনজন সদস্য সমন্বয়ে কর্তৃপক্ষ গঠিত হইবে।

(২) চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহাদের চাকুরীর মেয়াদ ও শর্তাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) চেয়ারম্যান কর্তৃপক্ষের প্রধান নির্বাহী কর্মকর্তা হইবেন।

(৪) চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণ কর্তৃপক্ষের সার্বক্ষণিক কর্মকর্তা হইবেন এবং তাঁহারা বিধি দ্বারা বা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ক্ষমতা প্রয়োগ বা কার্য সম্পাদন করিবেন।

৬। **কর্তৃপক্ষের সভা।**—(১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কর্তৃপক্ষ উহার সভার কার্য পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষের সভার তারিখ, সময় ও স্থান চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) ন্যূনতম দুইজন সদস্য সমন্বয়ে কর্তৃপক্ষের সভায় কোরাম গঠিত হইবে।

(৪) কর্তৃপক্ষের সভায় সভাপতিত্ব করিবেন উহার চেয়ারম্যান এবং তাহার অনুপস্থিতিতে তৎকর্তৃক নির্দেশিত উহার কোন সদস্য।

(৫) শুধুমাত্র কোন সদস্য পদে শূন্যতা বা কর্তৃপক্ষ গঠনে ত্রুটি থাকার কারণে কর্তৃপক্ষের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না।

৭। **কর্তৃপক্ষের সহিত বোর্ডের সম্পর্ক।**—(১) অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ বোর্ডের নিকট হইতে থোক গ্রাহক হিসাবে বিদ্যুৎ সরবরাহ পাইবে।

(২) কর্তৃপক্ষ বোর্ডের নিকট হইতে সরকার কর্তৃক নির্ধারিত হারে এবং প্রয়োজনবোধে সরকার কর্তৃক নির্ধারিত পরিমাণ বিদ্যুৎ ক্রয় করিবে এবং উহা গ্রাহকের নিকট সরকার কর্তৃক নির্ধারিত হারে বিক্রয় করিবে।

৮। **কর্তৃপক্ষ লাইসেন্সী।**—কর্তৃপক্ষ Electricity Act, 1910 (IX of 1910) এর অধীন লাইসেন্সী (licensee) বলিয়া গণ্য হইবে এবং উক্ত এ্যাকটের অধীন লাইসেন্সীর (licensee) যাবতীয় ক্ষমতার অধিকারী হইবে এবং দায়িত্ব পালন করিবে।

৯। **তহবিল।**—(১) ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ তহবিল নামে কর্তৃপক্ষের একটি তহবিল থাকিবে।

(২) উক্ত তহবিলে নিম্নলিখিত অর্থ জমা হইবে, যথাঃ—

(ক) সরকার কর্তৃক প্রদত্ত মঞ্জুরী;

(খ) সরকার হইতে গৃহীত ঋণ;

(গ) স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মঞ্জুরী;

(ঘ) কোন উৎস হইতে গৃহীত ঋণ বা প্রাপ্ত মঞ্জুরী;

(ঙ) বিদ্যুৎ বিক্রয়লব্ধ অর্থ;

(চ) অন্য কোন উৎস হইতে প্রাপ্ত আয়।

(৩) উক্ত তহবিলের অর্থ কোন তফসিলি ব্যাংকে জমা রাখা হইবে।

(৪) উক্ত তহবিল হইতে কর্তৃপক্ষের যাবতীয় ব্যয় নির্বাহ করা হইবে।

১০। **ঋণ গ্রহণের ক্ষমতা।**—কর্তৃপক্ষ উহার কার্যাবলী সম্পাদনের প্রয়োজনে সরকারের পূর্বানুমোদনক্রমে দেশ বা বিদেশের কোন উৎস হইতে ঋণ গ্রহণ করিতে পারিবে।

১১। **বার্ষিক বাজেট বিবরণী।**—কর্তৃপক্ষ প্রতি বৎসর সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে কর্তৃপক্ষের কি পরিমাণ অর্থের প্রয়োজন উহার উল্লেখ থাকিবে।

১২। **হিসাব রক্ষণ ও নিরীক্ষা।**—(১) কর্তৃপক্ষ যথাযথভাবে উহার হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক নামে অভিহিত, প্রতি বৎসর কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কর্তৃপক্ষের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভাণ্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং চেয়ারম্যান, কোন সদস্য, বা কর্তৃপক্ষের যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

১৩। **কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারী।**—কর্তৃপক্ষের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে কর্তৃপক্ষ প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা, পরামর্শদাতা, উপদেষ্টা ও অন্যান্য কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাঁহাদের চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, সরকারের পূর্বানুমোদন ব্যতিরেকে কর্তৃপক্ষ কোন কর্মকর্তা বা অন্যান্য কর্মচারীর পদ সৃষ্টি করিতে পারিবে না।

১৪। **বকেয়া পাওনা আদায়।**—বিদ্যুৎ সরবরাহের জন্য কর্তৃপক্ষের অনাদায়ী প্রাপ্য সরকারী দাবী (Public demand) হিসাবে আদায়যোগ্য হইবে।

১৫। **কর্তৃপক্ষের জন্য জমি অধিগ্রহণ।**—কর্তৃপক্ষের কার্যাবলী সম্পাদনের জন্য কোন জমি প্রয়োজন হইলে উহা জনস্বার্থে প্রয়োজনীয় বলিয়া বিবেচিত হইবে এবং এতদুদ্দেশ্যে উহা The Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982 (II of 1982) এর বিধান মোতাবেক হুকুম দখল বা অধিগ্রহণ করা যাইবে।

১৬। **প্রবেশ ইত্যাদির ক্ষমতা।**—(১) কর্তৃপক্ষের কোন প্রকল্প প্রস্তুত বা বাস্তবায়নের জন্য প্রয়োজন হইলে চেয়ারম্যান বা কোন সদস্য বা চেয়ারম্যানের নিকট হইতে এতদুদ্দেশ্যে সাধারণ বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারী—

(ক) কোন জায়গায় প্রবেশ করিতে এবং উহা জরীপ করিতে পারিবেন;

(খ) কোন জায়গা বা উহাতে অবস্থিত কোন কিছু থাকিলে উহা পরিদর্শন করিতে পারিবেন;

(গ) কোন জায়গা পরিমাপ করিতে, উহার সীমানা নির্ধারণ করিতে এবং উহার প্ল্যান এবং উহাতে অভীষ্ট কাজের প্রস্তাবিত লাইন তৈয়ার করিতে পারিবেন;

(ঘ) কোন জায়গায় চিহ্ন স্থাপন করিয়া বা গর্ত খুঁড়িয়া লেভেল, সীমানা বা লাইন চিহ্নিত করিতে পারিবেন এবং এতদুদ্দেশ্যে প্রয়োজন হইলে কোন দণ্ডায়মান ফসল, গাছ অথবা জংগলের যে কোন অংশ কাটিয়া পরিষ্কার করিতে পারিবেন;

(ঙ) কোন জায়গায় গর্ত খুঁড়িয়া বা মাটি খনন করিয়া বিদ্যুৎ লাইনের জন্য খুঁটি স্থাপন করিতে বা বিদ্যুৎ সরবরাহের জন্য লাইন টানিতে বা ক্যাবল স্থাপন করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, কমপক্ষে ৭২ ঘন্টা পূর্বে লিখিত নোটিশের মাধ্যমে কোন জায়গায় প্রবেশের ইচ্ছা প্রকাশ না করিয়া কোন ব্যক্তি উক্ত জায়গার দখলদারের বিনা অনুমতিতে উহাতে প্রবেশ করিতে পারিবেন না।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন ব্যক্তি কোন জায়গায় প্রবেশ করিবার সময় ঐ জায়গাতে সম্ভাব্য সকল ক্ষতি বাবত ক্ষতিপূরণ প্রদান করিবেন অথবা প্রদান করিবার প্রস্তাব করিবেন;

এবং উক্তরূপ প্রদত্ত বা প্রস্তাবিত ক্ষতিপূরণের পর্যাপ্ততা সম্বন্ধে কোন আপত্তি থাকিলে তৎসম্পর্কে জেলা প্রশাসকের নিকট লিখিতভাবে আবেদন করিতে হইবে এবং এই ব্যাপারে জেলা প্রশাসকের সিদ্ধান্ত চূড়ান্ত হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই আবেদন উপ-ধারা (১) এর অধীন কোন জায়গায় প্রবেশ বা উহাতে কিছু করার ব্যাপারে কোন বাধা সৃষ্টি করিবে না।

১৭। **প্রতিবেদন।**—(১) প্রতি বৎসর ৩০শে জুনের মধ্যে কর্তৃপক্ষ তৎকর্তৃক পূর্ববর্তী বৎসরে সম্পাদিত কার্যাবলীর খতিয়ান সম্বলিত একটি প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার প্রয়োজনমত কর্তৃপক্ষের নিকট হইতে যে কোন সময় কর্তৃপক্ষের যে কোন বিষয়ের উপর প্রতিবেদন এবং বিবরণী আহবান করিতে পারিবে এবং কর্তৃপক্ষ উহা সরকারের নিকট সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

১৮। **ক্ষমতা অর্পণ।**—কর্তৃপক্ষ, সাধারণ অথবা বিশেষ আদেশ দ্বারা, উহার ক্ষমতা প্রয়োজনবোধে এবং তৎকর্তৃক নির্ধারিত শর্ত সাপেক্ষে, উহার চেয়ারম্যান বা অন্য কোন সদস্য বা উহার কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে।

১৯। **সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ।**—এই আইনের অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা তাহার ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে তজ্জন্য কর্তৃপক্ষ, বা উহার চেয়ারম্যান বা কোন সদস্য বা কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের বা রুজু করা যাইবে না।

২০। **চেয়ারম্যান ও সদস্যগণ জনসেবক বলিয়া গণ্য হইবেন।**—চেয়ারম্যান ও সদস্যগণ Penal Code (Act XLV of 1860) এর section 21 এর public servant (জন সেবক) অভিব্যক্তিটিও যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে public servant (জন সেবক) বলিয়া গণ্য হইবেন।

২১। **সরকারের নির্দেশ।**—এই আইনের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রয়োজনবোধে সরকার সময় সময় কর্তৃপক্ষকে সাধারণ বা বিশেষ নির্দেশ দিতে পারিবে এবং কর্তৃপক্ষ উক্ত নির্দেশ অনুযায়ী কর্ম সম্পাদন করিবে।

২২। **বিধি প্রণয়নের ক্ষমতা।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২৩। **প্রবিধান প্রণয়নের ক্ষমতা।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশ-বা ধারা ২২ এর অধীন প্রণীত কোন বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

২৪। **বোর্ডের সম্পদ ইত্যাদি হস্তান্তর।**—(১) আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা হইবার সংগে সংগে—

(ক) বৃহত্তর ঢাকা এলাকার গ্রাহকদের মধ্যে ১৩২ কেভি বিদ্যুৎ সরবরাহ লাইন হইতে বিদ্যুৎ সরবরাহের জন্য স্থাপিত সকল বিদ্যুৎ লাইন, বিদ্যুৎ পোষ্ট ও উপ-কেন্দ্র কর্তৃপক্ষের নিকট হস্তান্তরিত হইবে;

(খ) বৃহত্তর ঢাকা এলাকায় বোর্ডের সকল বিদ্যুৎ গ্রাহক ও কর্তৃপক্ষের গ্রাহক বলিয়া গণ্য হইবে এবং তাহাদের নিকট হইতে বোর্ডের যাবতীয় পাওনা কর্তৃপক্ষের পাওনা বলিয়া গণ্য হইবে;

(গ) বৃহত্তর ঢাকা এলাকায় গ্রাহকদের বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থাপনা, সংরক্ষণ ও উন্নয়নের জন্য বোর্ডের সকল অনাদায়ী দায় কর্তৃপক্ষের দায় বলিয়া গণ্য হইবে;

(ঘ) বৃহত্তর ঢাকা এলাকায় গ্রাহকদের নিকট বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত ব্যাপারে কোন মামলা বোর্ড কর্তৃক বা বোর্ডের বিরুদ্ধে দায়ের করা হইয়া থাকিলে উহা কর্তৃপক্ষ কর্তৃক বা কর্তৃপক্ষের বিরুদ্ধে দায়েরকৃত বলিয়া গণ্য হইবে;

(ঙ) বৃহত্তর ঢাকা এলাকায় গ্রাহকদের নিকট বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত যাবতীয় কার্যে নিয়োজিত বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীর চাকুরী কর্তৃপক্ষের নিকট হস্তান্তরিত হইবে এবং তাহারা কর্তৃপক্ষের কর্মকর্তা বা কর্মচারী হইবেন এবং উক্ত হস্তান্তরের পূর্বে তাহারা যে শর্তে বোর্ডের চাকুরীতে নিয়োজিত ছিলেন, কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকিবেনঃ

তবে শর্ত থাকে যে, উপরি-উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে কেহ কর্তৃপক্ষ প্রতিষ্ঠার তারিখ হইতে ছয় মাসের মধ্যে লিখিতভাবে কর্তৃপক্ষের অধীন চাকুরী না করিয়া বোর্ডের অধীন চাকুরী করার ইচ্ছা প্রকাশ করিলে তাহার চাকুরী বোর্ডের নিকট হস্তান্তরিত হইবে এবং তাহার চাকুরী কোন সময়ই কর্তৃপক্ষের নিকট হস্তান্তরিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

২৫। **অসুবিধা দূরীকরণ।**—এই আইনের বিধানাবলী কার্যকর করিবার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে সরকার উক্ত অসুবিধা দূরীকরণার্থে আদেশ দ্বারা প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

২৬। **রহিতকরণ ও হেফাজত।**—(১) ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ অধ্যাদেশ, ১৯৯০ (অধ্যাদেশ নং ৬, ১৯৯০) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশ এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইন এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

## ১৯৯০ সনের ৩৭ নং আইন

**Post Office Act, 1898 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Post Office Act, 1898 (VI of 1898) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজন ;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরনামা।**— এই আইন The Post Office (Amendment) Act, 1990 নামে অভিহিত হইবে।

২। **Act VI of 1898 এর section 45 এর সংশোধন।**— Post Office Act, 1898 (VI of 1898) এর section 45 এর proviso তে "Ten Taka" শব্দগুলির পরিবর্তে "Fifty taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

মোহাম্মদ আইনুদ্দিন রহমান
সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোস্তফায় মাহ্ফুজুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।